কুরআনীয় আরবী শিক্ষা

মদীনা বুক-২ এর বাংলা নোট

কুরআনিক শব্দার্থ-২

প্রথম প্রকাশ

তারিখঃ ১১-০৪-২০১৫ ইং

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

সিলেবাস

অধ্যায়–১

১। إِنَّ এর ব্যবহার

২। ذُوْ এর ব্যবহার

৩। أَوْ এর ব্যবহার

৪। প্রশ্নবোধক বাক্যে أَمْ ও أ এর ব্যবহার

৫। أَلْفٌ ও مِئَةٌ

অধ্যায়–২

৬। لَيْسَ এর ব্যবহার

অধ্যায়–৩

৭। إِسْمُ التَّفْضِيْلِ

৮। নম্বর ১১-২০

৯। ক্রমবাচক সংখ্যা

অধ্যায়–৪

১০। فِعْلٌ مَاضِيٌ

১১। অতীত কালের ক্রিয়ায় না অর্থে مَا

১২। প্রশ্নের উত্তরে نَعَمْ ،لا ،بَلَى ইত্যাদির ব্যবহার

১৩। لِأَنَّ এর ব্যবহার

অধ্যায়–৫

১৪। ক্রিয়ার কর্তা
১৫। اَلْمُتَعَدِّىْ সকর্মক ক্রিয়া
১৬। দুই কর্তার মিলন অসম্ভব
১৭। اِلْتِقَاءِالسَّاكِنَيْنِ দুই সাকিনের মিলন

অধ্যায়–৬

১৮। أَيٌّ এর ব্যবহার
১৯। أَظُنُّ এর ব্যবহার
২০। ‘যে’ অর্থে قَالَ এর পরে إِنَّ অন্যথায় أَنَّ
২১। শেষে اِنِ বিশিষ্ট ইসমের লিঙ্গ ও বচন
২২। هَاتِ (দাও, নিয়ে আসো) এর ব্যবহার

অধ্যায়–৭

২৩। كَانَ এর ব্যবহার
২৪। مْ এর পরে হামজাতুল ওয়াসলি

অধ্যায়–৮

২৫। اَلْ বিশিষ্ট দ্বিত্ব
২৬। ভগ্নাংশ

অধ্যায়–৯

২৮। نُوْنُ الْوِقَايَةِ
২৯। আশ্চর্যবোধক বাক্য
৩০। حَرْفُ النِّدَاءِ পর مُضَافٌ
৩১। প্রশ্নবোধক مَا এর পুর্বে حَرْفُ جَرٍّ
৩২। প্রশ্নবোধক أَ এর পুর্বে اَلْ

৩৩। ى পর সর্বনাম থাকলে তা ا হয়ে যায়

৩৪। জোর দেওয়ার জন্য আগে مَفْعُوْلٌ بِهٖ

অধ্যায়–১০

৩৫। مُضَارِعٌ

৩৬। নম্বর ২১-৩০

৩৭। إِلَّا এর ব্যবহার

৩৮। لَعَلَّى এর ব্যবহার

অধ্যায়–১১

৩৯। না বোধক বর্তমান

৪০। بَيْنَ এর ব্যবহার

৪১। সময় ও সপ্তাহ

৪২। الْمَصْدَرُ ক্রিয়ার নাম, إِسْمُ فَاعِل ক্রিয়াকারীর নাম, إِسْمُ مَفْعُوْل ক্রিয়ার কর্মের নাম

৪৩। امَّا এর ব্যবহার

৪৪। অনেকের মধ্যে এক

অধ্যায়–১২,১৩

৪৫। অর্থ সহ পাঠ

অধ্যায়–১৪

৪৬। امْرٌ

৪৭। প্রশ্নবোধক أ এর পর অনির্দিষ্ট মুবতাদা

৪৮। فَإِنَّ ও لِأَنَّ এর ব্যবহার

অধ্যায়–১৫

৪৯। النَّهِي
৫০। كَادَ এর ব্যবহার
৫১। إِنَّمَا এর ব্যবহার

অধ্যায়–১৬
৫২। ক্রিয়াপদের বিভিন্ন গঠন
৫৩। اخَرُ ও أُخْرَى

অধ্যায়–১৭
৫৪। রঙের লিঙ্গ
৫৫। الْمَصْدَرُ المؤَوَّلُ
৫৬। يُمْكِنُ এর ব্যহার
৫৭। مُنْذُ এর ব্যবহার

অধ্যায়–১৮
৫৮। كَ এর ব্যবহার
৫৯। كُلُّ এর ব্যবহার
৬০। حَرْفُ النِّدَاءِ পর ال
৬১। إِسْمُ الفِعْلِ
৬২। এই ইতিহাসের বইটি

অধ্যায়–১৯
৬৩। لَنْ এর ব্যবহার
৬৪। لَمْ এর ব্যবহার
৬৫। ابدًا ও قَطُّ এর ব্যবহার

অধ্যায়–২০

৬৬। দ্বিবচনের মানসুব এবং মাজরুর
৬৭। أَحَدُهُمَا ...وَالأَخَرُ এবং إِحْدَهُمَا ...وَالأُخْرَى এর ব্যবহার

অধ্যায়–২১
৬৮। নাম প্রধান বাক্যে দুটি না
৬৯। لَمَّا এর ব্যবহার

অধ্যায়–২২
৭০। অর্থসহ পাঠ

অধ্যায়–২৩
৭১। ক্রিয়া প্রধান বাক্যে দুটি না
৭২। لِ দ্বারা লেখক বোঝায়

অধ্যায়–২৪
৭৩। নম্বর

অধ্যায়–২৫
৭৪। لَا يَزَلُ এর ব্যবহার
৭৫। আল ইসমুল খামসা
৭৬। مِنْ قَبْلُ এর ব্যবহার

অধ্যায়–২৬
৭৭। الْمُعْتَلُّ
৭৮। الْمِثَالُ
৭৯। ক্ষুদ্রতর অর্থে

অধ্যায়–২৭

৮০। الْاَجْوَفُ

৮১। কসমের জন্য وَ

৮২। الْمَفْعُولُ الْمُطْلَقُ পরম কর্ম

অধ্যায়-২৮

৮৩। النَّاقِصُ

৮৪। এখনও করা হয়নি অর্থে بَعْدُ + ... + لَمْ

৮৫। الْمَهْمُوْزُ হামজা বিশিষ্ট ক্রিয়া

অধ্যায়-২৯

৮৬। الْمُضَعَّفُ

অধ্যায়-৩০

৮৭। দ্বিবচনের মানসুব

অধ্যায়-৩১

৮৮। نَعْتٌ

পরিশিষ্ট-২ (কুরআনিক শব্দার্থ)

অধ্যায়-১

১। إِنَّ এর ব্যবহার

إِنَّ অর্থ “নিশ্চয়ই”। একে বলা হয় حَرْفُ تَوْكِيدٍ وَ نَصْبٍ যা নিশ্চয়তা প্রদানের জন্য ইসমের পুর্বে বসে তাকে মানসুব করে। যেমন,

নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন	إِنَّ اللّٰهَ مَعَ الصَّابِرِينَ
নিশ্চয়ই হামিদ একজন ছাত্র	إِنَّ حَامِدًا طَالِبٌ
নিশ্চয়ই শিক্ষকটি নতুন	إِنَّ الْمُدَرِّسَ جَدِيْدٌ

إِنَّ এর পর মুবতাদাকে বলা হয় إِسْمُ إِنَّ এবং খবরকে বলা হয় خَبَرُ إِنَّ । উপরোক্ত বাক্য সমুহে ,اللّٰهَ ,حَامِدًا الْمُدَرِّسَ হল إِسْمُ إِنَّ এবং ,الصَّابِرِينَ ,طَالِبٌ جَدِيْدٌ হল خَبَرُ إِنَّ।

إِنَّ এর পরপরই إِسْمُ إِنَّ নাও থাকতে পারে।যেমনঃ

নিশ্চয়ই আমার পাঁচজন ভাই আছে	إِنَّ لِيْ خَمْسَةَ إِخْوَةٍ
নিশ্চয়ই পরহেযগারদের জন্যে রয়েছে সাফল্য	إِنَّ لِلْمُتَّقِينَ مَفَازًا

إِنَّ এর সাথে সর্বনামের ব্যবহারঃ

إِنَّهُمْ	إِنَّهُمَا	إِنَّهُ
إِنَّهُنَّ	إِنَّهُمَا	إِنَّهَا
إِنَّكُمْ	إِنَّكُمَا	إِنَّكَ
إِنَّكُنَّ	إِنَّكُمَا	إِنَّكِ
إِنَّنَا		إِنَّنِي

إِنَّ এর মত আরও কিছু حَرْفٌ আছে যাদেরকে إِنَّ এর বোন বলা হয়। যেমন, أَنَّ كَأَنَّ لَعَلَّ وَلَكِنَّ لَيْتَ ইত্যাদি।

শুনেছিলাম যে শিক্ষকটি নতুন	سَمِعْتُ أَنَّ الْمُدَرِّسَ جَدِيْدٌ	-যে	أَنَّ
ইমামটি যেন অসুস্থ	كَأَنَّ الْإِمَامَ مَرِيْضٌ	যেন	كَأَنَّ
হামিদ পরিশ্রমী কিন্তু খালিদ অলস	حَامِدٌ مُجْتَهِدٌ وَلَكِنَّ خَالِدًا كَسْلَانُ	কিন্তু	وَلَكِنَّ
তবে আল্লাহর আযাব কঠিন	وَلَكِنَّ عَذَابَ اللّٰهِ شَدِيْدٌ	তবে	وَلَكِنَّ
হয়ত ছাত্রটি অসুস্থ	لَعَلَّ الطَّالِبَ مَرِيْضٌ	হয়ত (ভয়)	لَعَلَّ
হয়ত আবহাওয়া ভালো	لَعَلَّ الْجَوَّ جَمِيْلٌ	হয়ত (আশা)	لَعَلَّ
যদি যৌবন ফিরে আসতো !	لَيْتَ الشَّبَابَ عَائِدٌ	হায়, যদি !	لَيْتَ

২। ذُوْ এর ব্যবহার

ذُوْ অর্থ “অধিকারী/বিশিষ্ট/ওয়ালা”। এটা খবর বা নাত হিসেবে ব্যবহৃত হয়। ذُوْ হল মুদাফ সুতরাং এর পরবর্তী ইসমটি হবে মুদাফ ইলাইহি।

অর্থ	উদাহরণ	ذُوْ এর অবস্থা
বেলাল জ্ঞানের অধিকারী	بِلَالٌ ذُوْ عِلْمٍ	خَبَرٌ
এই ছাত্রটি চরিত্রবান	هٰذَا الطَّالِبُ ذُوْ خُلُقٍ	خَبَرٌ
মিনার সহ মসজিদটি বড়	اَلْمَسْجِدُ ذُوْ الْمَنَارَةِ كَبِيْرٌ	نَعْتٌ
আমাদের মহল্লায় মিনারসহ একটি মসজিদ আছে	فِيْ حَيِّنَا مَسْجِدٌ ذُوْ مَنَارَةٍ	نَعْتٌ
আল্লাহ সমগ্র বিশ্বের উপর নিয়ামত পুর্ন	اَللّٰهُ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ	خَبَرٌ
আমি দাড়ি ওয়ালা লোকটিকে চিনি	أَعْرِفُ الرَّجُلَ ذُو اللِّحْيَةِ	نَعْتٌ

লক্ষ্যনীয়ঃ ذُوْ যখন নির্দিষ্ট اسم এর نَعْت হিসেবে আসে তখন মুদফ ইলাহীতে اَلْ যোগ হয়। এটা এ কারনে যে, মুদফ হওয়ার দরুন ذُوْ এর সাথে ال হতে পারেনা। যেমন اَلْمَسْجِدُ ذُوْ الْمَنَارَةِ كَبِيْرٌ বাক্যে اَلْمَسْجِدُ নির্দিষ্ট হওয়াতে মুদাফ ইলাইহি اَلْ বিশিষ্ট হয়েছে

একজন দাড়ি ওয়ালা লোক	رَجُلٌ ذُو لِحْيَةٍ
দাড়ি ওয়ালা লোকটি	الرَّجُلُ ذُوْ اللِّحْيَةِ
এই দাড়ি ওয়ালা লোকটি	هٰذَا الرَّجُلُ ذُوْ اللِّحْيَةِ
এই লোকটি দাড়ি ওয়ালা	هٰذَا الرَّجُلُ ذُوْ لِحْيَةٍ

ذُوْ এর রূপ তার দ্বারা নির্দেশিত ইসমটির বচন, লিঙ্গ ও বিভক্তি অনুযায়ী পরিবর্তিত হয়।

বহুবচন	একবচন		
الطُّلَّابُ ذَوُوْ العِلْمِ ذَهَبُوْا أَمْسِ জ্ঞানী ছাত্ররা গতকাল গিয়েছিল	الطَّالِبُ ذُوْ خُلُقٍ ছাত্রটি চরিত্রবান	মারফু	পুরুষ
رَأَيْتُ الطُّلَّابَ ذَوِيْ العِلْمِ জ্ঞানী ছাত্রদেরকে দেখেছিলাম	أَعْرِفُ الطَّالِبَ ذَا النَّظَّارَةِ চশমা পড়া ছাত্রটিকে আমি চিনি	মানসুব	
ذَهَبْتُ مَعَ طُلَّابٍ ذَوِيْ خُلُقٍ চরিত্রবান ছাত্রদের সাথে গিয়েছিলাম	ذَهَبْتُ إِلَى رَجُلٍ ذِيْ مَالٍ সম্পদশালী এক লোকের কাছে গিয়েছিলাম	মাজরুর	

هَؤُلَاءِ الطَّالِبَاتُ ذَوَاتُ عِلْمٍ এই ছাত্রীগন জ্ঞানী	الطَّالِبَةُ ذَاتُ خُلُقٍ ছাত্রীটি চরিত্রবান	মারফু	স্ত্রী
أَعْرِفُ طَالِبَاتٍ ذَوَاتِ خُلُقٍ আমি চরিত্রবান ছাত্রীদেরকে চিনি	أَعْرِفُ طَالِبَةً ذَاتَ خُلُقٍ আমি একজন চরিত্রবান ছাত্রীকে চিনি	মানসুব	
ذَهَبْتُ مَعَ طَالِبَاتٍ ذَوَاتِ خُلُقٍ চরিত্রবান ছাত্রীদের সাথে গিয়েছিলাম	ذَهَبْتُ مَعَ الطَّالِبَةِ ذَاتِ العِلْمِ জ্ঞানী ছাত্রীটির সাথে গিয়েছিলাম	মাজরুর	

৩। أَوْ এর ব্যবহার

أَوْ অর্থ 'অথবা'। যেমনঃ

বেলাল অথবা হামিদ বের হল	خَرَجَ بِلَالٌ أَوْ حَامِدٌ
আমি বেলাল অথবা হামিদকে দেখেছিলাম	رَأَيْتُ بِلَالًا أَوْ حَامِدًا
গাড়িটি বেলালের অথবা হামিদের	السَّيَارَةُ لِبِلَالٍ أَوْ لِحَامِدٍ
সুতরাং তোমাদের মধ্যে যে অসুস্থ থাকে অথবা সফরে থাকে...	فَمَن كَانَ مِنْكُمْ مَّرِيضًا أَوْ عَلَىٰ سَفَرٍ

৪। প্রশ্নবোধক বাক্যে أَمْ ও أَ ব্যবহার

তুমি কি ইঞ্জিনিয়ার নাকি ডাক্তার ?	أَ مُهَنْدِسٌ أَنْتَ أَمْ طَبِيْبٌ؟
তুমি পাকিস্তান থেকে নাকি ভারত থেকে ?	أَمِنْ بَاكِسْتَانَ أَنْتَ أَمْ مِنَ الْهِنْدِ؟
এটা আমার নাকি তোমার ?	أَلِيْ هٰذَا أَمْ لَكَ؟

লক্ষ্যনীয়ঃ বিবৃতি মুলক বাক্যে 'অথবা' অর্থে أَوْ কিন্তু প্রশ্নবোধক বাক্যে أَمْ ব্যবহৃত হয়।

৫। مِائَةٌ ও الْفٌ

مِائَةٌ = এক শত এবং الْفٌ = এক হাজার। এই দুটি নম্বরের পর মাদুদ (যাকে গননা করা হয়) একবচন মাজরুর হয়। পুরুষ ও স্ত্রী বাচকের জন্য এর রুপ পরিবর্তন হয় না। তবে এর বিভক্তি পরিবর্তনশীল।

فِيْ فَصْلِنَا الْفُ طَالِبٍ আমাদের ক্লাসে এক হাজার ছাত্র	فِيْ فَصْلِنَا مِائَةُ طَالِبٍ আমাদের ক্লাসে একশত ছাত্র	مَرْفُوْعٌ
رَأَيْتُ الْفَ رَجُلٍ فِيْ الْمَسْجِدِ আমি মসজিদে একশত লোক দেখেছিলাম	رَأَيْتُ مِائَةَ طَالِبٍ فِيْ الشَّارِعِ আমি রাস্তায় একশত ছাত্র দেখেছিলাম	مَنْصُوْبٌ
لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ কদরের রাতটি হাজার মাস হতে উত্তম	إِشْتَرَيْتُ هٰذَا الْكِتَابَ بِمِائَةِ رُبِيَّةٍ এই বইটি একশত রুপি দিয়ে কিনেছিলাম	مَجْرُوْرٌ

অধ্যায়-২

৬। لَيْسَ এর ব্যবহার

لَيْسَ হল সহায়ক ক্রিয়া (auxiliary verb) যার অর্থ “নয়” ইংরেজিতে “is not”। এটা নামবাচক বাক্যে ব্যবহৃত হয়। যেমনঃ لَيْسَ حَامِدٌ بِمُدَرِّسٍ ‘হামিদ শিক্ষক নয়’।
এখানে حَامِدٌ হল إِسْمُ لَيْسَ এবং بِمُدَرِّسٍ হল خَبَرُ لَيْسَ।

না বাচক	হ্যাঁ বাচক
لَيْسَ الْقَلَمُ بِمَكْسُوْرٍ কলমটি ভাঙ্গা নয়	اَلْقَلَمُ مَكْسُوْرٌ কলমটি ভাঙ্গা
لَيْسَ الْكِتَابُ بِجَدِيْدٍ বইটি নতুন নয়	اَلْكِتَابُ جَدِيْدٌ বইটি নতুন
لَيْسَ لِيْ أَخٌ আমার কোন ভাই নাই	لِيْ أَخٌ আমার এক ভাই

নোটঃ لَيْسَ এর পর حَرْفُ جَرٍّ থাকলে بِ যোগ হয় না যেমন পবিত্র কুরআনের কিছু উদাহরনঃ

তাদের হেদায়েত তোমার উপর নয় বরং আল্লাহ যাকে চান হেদায়েত দেন	لَّيْسَ عَلَيْكَ هُدَاهُمْ وَلَٰكِنَّ اللَّهَ يَهْدِي مَن يَشَاءُ
আর যে তা করে আল্লাহর সাথে তার কোন কিছু নাই	وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي شَيْءٍ
সিদ্ধান্তের কোন কিছুই তোমার নয়	لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ

لَيْسَ এর রূপ কর্তার পরিবর্তনের সাথে বদলায়ঃ

هُمْ لَيْسُوْا	هُمَا لَيْسَا	هُوَ لَيْسَ
هُنَّ لَسْنَ	هُمَا لَيْسَتَا	هِيَ لَيْسَتْ
اَنْتُمْ لَسْتُمْ	اَنْتُمَا لَسْتُمَا	أَنْتَ لَسْتَ
اَنْتُنَّ لَسْتُنَّ	اَنْتُمَا لَسْتُمَا	أَنْتِ لَسْتِ
نَحْنُ لَسْنَا		أَنَا لَسْتُ

অধ্যায়-৩

৭। إِسْمُ التَّفْضِيْلِ

তুলনার্থে ব্যবহৃত ইসমগুলোকে إِسْمُ التَّفْضِيْلِ বলে। এগুলো أَفْعَلُ গঠনের। যেমনঃ أَكْبَرُ، أَحْسَنُ، أَطْوَلُ، ইত্যাদি এবং এগুলো লিঙ্গ ও বচনভেদে পরিবর্তন হয় না।

দুইয়ের মধ্যে তুলনা করতে مِنْ অব্যয় ব্যবহৃত হয়।	
বেলাল হামিদের থেকে ভালো	بِلَالٌ أَحْسَنُ مِنْ حَامِدٍ
বেলাল হামিদের থেকে ভালো ছাত্র	بِلَالٌ أَحْسَنُ طَالِبٍ مِنْ حَامِدٍ
আয়িশা আমিনার চেয়ে ভালো ছাত্রী	عَائِشَةُ أَحْسَنُ طَالِبَةٍ مِنْ آمِنَةَ
তারা তোমাদের থেকে ভালো ছাত্র	هُمْ أَفْضَلُ طُلَّابٍ مِنْكُمْ

সবার সাথে তুলনা করতে إِسْمُ التَّفْضِيْلِ এর পর মুদাফ ইলাইহি আসে	
আলিয়া সবচেয়ে ভালো ছাত্রী	عَالِيَةُ أحسَنُ طَالِبَةٍ
বেলাল ক্লাসের সবচেয়ে ভালো ছাত্র	بِلَالٌ أَحسَنُ طَالِبٍ فِي الْفَصْلِ
সালমানের বাড়িটি সবচেয়ে বড়	بَيتُ سَلْمَانِ أكبَرُ بَيتٍ
আরবী ভাষা পৃথিবীর সবচেয়ে সহজ ভাষা	اَللُّغَةُ الْعَرَبِيَّةُ أَسْهَلُ لُغَةٍ فِي الْعَالَمِ
ফাতিমা আমাদের ক্লাসের সবচেয়ে ভালো ছাত্রী	فَاطِمَةُ أَفْضَلُ طَالِبَةٍ فِي فَصْلِنَا
এই যুবকেরা সবচেয়ে লম্বা হাজ্জী	هَاؤُلَاءِ الفِتيَةُ أَطْوَلُ حُجَّاجٍ

৮। নম্বর ১-২০

<table>
<tr><td colspan="2">গননাঃ ১–২
সংখ্যা গুলোকে عَدَدٌ ও যাকে গননা করা হয় তাকে مَعْدُوْدٌ বলে। ১-২ এর ক্ষেত্রে عَدَدٌ ও مَعْدُوْدٌ গুলো نَعْتٌ ও مَنْعُتٌ এর মত কাজ করে।</td></tr>
<tr><td>طَالِبَةٌ وَاحِدَةٌ</td><td>طَالِبٌ وَاحِدٌ</td></tr>
<tr><td>طَالِبَتَانِ اِثْنَتَانِ</td><td>طَالِبَانِ اِثْنَانِ</td></tr>
<tr><td colspan="2">গননাঃ ৩-৯
এক্ষেত্রে عَدَدٌ ও مَعْدُوْدٌ যথাক্রমে مُضَافٌ ও مُضَافٌ إِلَيْهِ এর মত কাজ করে। পুরুষবাচক শব্দ গননা করতে হয় স্ত্রীবাচক عَدَدٌ দিয়ে এবং স্ত্রীবাচক শব্দ গননা করতে হয় পুরুষবাচক عَدَدٌ দিয়ে। বিভক্তি পরিবর্তনশীল।</td></tr>
<tr><td>ثَلاثُ طَالِبَاتٍ</td><td>ثَلَاثَةُ طُلَّابٍ</td></tr>
<tr><td>أَرْبَعُ طَالِبَاتٍ</td><td>أَرْبَعَةُ طُلَّابٍ</td></tr>
<tr><td>خَمْسُ طَالِبَاتٍ</td><td>خَمْسَةُ طُلَّابٍ</td></tr>
<tr><td>سِتُّ طَالِبَاتٍ</td><td>سِتَّةُ طُلَّابٍ</td></tr>
<tr><td>سَبْعُ طَالِبَاتٍ</td><td>سَبْعَةُ طُلَّابٍ</td></tr>
<tr><td>ثَمَانِي طَالِبَاتٍ</td><td>ثَمَانِيَةُ طُلَّابٍ</td></tr>
<tr><td>تِسْعُ طَالِبَاتٍ</td><td>تِسْعَةُ طُلَّابٍ</td></tr>
<tr><td>عَشْرُ طَالِبَاتٍ</td><td>عَشَرَةُ طُلَّابٍ</td></tr>
</table>

গননাঃ ১১-১২

সংখ্যা গুলোর দুটি অংশ। দুটি অংশই مَعْدُوْدٌ এর লিংগের সাথে মিলে যায়। مَعْدُوْدٌ সর্বদা একবচন মানসুব (১১-৯৯ সকল ক্ষেত্রে)। ১২ এর বিভক্তি পরিবর্তনশীল

إِحْدَى عَشْرَةَ طَالِبَةً	أَحَدَ عَشَرَ طَالِبًا	مَرْفُوْعٌ مَنْصُوْبٌ مَجْرُوْرٌ
إِثْنَتَا عَشْرَةَ طَالِبَةً	إِثْنَا عَشَرَ طَالِبًا	مَرْفُوْعٌ
إِثْنَتَي عَشْرَةَ طَالِبَةً	إِثْنَي عَشَرَ طَالِبًا	مَنْصُوْبٌ مَجْرُوْرٌ

গননাঃ ১৩-১৯

সংখ্যা গুলোর কেবল দ্বিতীয় অংশ مَعْدُوْدٌ এর লিংগের সাথে মিলে যায়। বিভক্তি পরিবর্তন হয় না।

ثَلَاثَ عَشْرَةَ طَالِبَةً	ثَلَاثَةَ عَشَرَ طَالِبًا
أَرْبَعَ عَشْرَةَ طَالِبَةً	أَرْبَعَةَ عَشَرَ طَالِبًا
خَمْسَ عَشْرَةَ طَالِبَةً	خَمْسَةَ عَشَرَ طَالِبًا
سِتَّ عَشْرَةَ طَالِبَةً	سِتَّةَ عَشَرَ طَالِبًا
سَبْعَ عَشْرَةَ طَالِبَةً	سَبْعَةَ عَشَرَ طَالِبًا
ثَمَانِيْ عَشْرَةَ طَالِبَةً	ثَمَانِيَةَ عَشَرَ طَالِبًا
تِسْعَ عَشْرَةَ طَالِبَةً	تِسْعَةَ عَشَرَ طَالِبًا

আমার কাছে তেরো রিয়াল আছে	عِنْدِي ثَلَاثَةَ عَشَرَ رِيَالًا
আমি তেরো রিয়াল চাই	أُرِيْدُ ثَلَاثَةَ عَشَرَ رِيَالًا
এই বইটি তেরো রিয়াল	هٰذَا الْكِتَابُ بِثَلَاثَةَ عَشَرَ رِيَالًا

গননাঃ ২০, ৩০, ৪০, ৫০, ...৯০ পুরুষ ও স্ত্রীবাচক مَعْدُوْدٌ এর জন্য এগুলোর রূপ পরিবর্তন হয় না। মাদুদ একবচন মানসুব। বিভক্তির পরিবর্তন সুগঠিত পুরুষবাচক বহুবচনের বিভক্তি র ন্যায়।	
عِشْرُوْنَ طَالِبَةً	عِشْرُوْنَ طَالِبًا
ثَلاثُوْنَ طَالِبَةً	ثَلاثُوْنَ طَالِبًا
أَرْبَعُوْنَ طَالِبَةً	أَرْبَعُوْنَ طَالِبًا
خَمْسُوْنَ طَالِبَةً	خَمْسُوْنَ طَالِبًا
سِتُّوْنَ طَالِبَةً	سِتُّوْنَ طَالِبًا
سَبْعُوْنَ طَالِبَةً	سَبْعُوْنَ طَالِبًا
ثَمَانُوْنَ طَالِبَةً	ثَمَانُوْنَ طَالِبًا
تِسْعُوْنَ طَالِبَةً	تِسْعُوْنَ طَالِبًا

৯। ক্রমবাচক সংখ্যা

স্ত্রী বাচক	পুরুষ বাচক	
الأُوْلَى	الأَوَّلُ	প্রথম
الثَّانِيَةُ	الثَّانِي	দ্বিতীয়
الثَّالِثَةُ	الثَّالِثُ	তৃতীয়
الرَّابِعَةُ	الرَّابِعُ	চতুর্থ
الْخَامِسَةُ	الخَامِسُ	পঞ্চম
السَّادِسَةُ	السَّادِسُ	ষষ্ঠ
السَّابِعَةُ	السَّابِعُ	সপ্তম
الثَّامِنَةُ	الثَّامِنُ	অষ্টম
التَّاسِعَةُ	التَّاسِعُ	নবম
العَاشِرَةُ	العَاشِرُ	দশম

ক্রমবাচক সংখ্যার উদাহরণ

আমি প্রথম পাঠ পড়েছিলাম	قَرَأْتُ الدَّرْسَ الأَوَّلَ	প্রথম পাঠ	الدَّرْسُ الأَوَّلُ
আমি দ্বিতীয় তলায় থাকি	أَسْكُنُ فِيْ الطَّابِقِ الثَّانِي	দ্বিতীয় তলা	الطَّابِقُ الثَّانِي
আমরা ৩য় ফ্লাটে গিয়েছিলাম	ذَهَبْنَا إِلَى الشَّقَّةِ الثَّالِثَةِ	তৃতীয় ফ্ল্যাট	الشَّقَّةُ الثَّالِثَةُ
হামিদ চতুর্থ বছরে পাস করেছিলো	نَجَحَ حَامِدٌ فِي السَّنَةِ الرَّابِعَةِ	চতুর্থ বছর	السَّنَةُ الرَّابِعَةُ
আমরা পঞ্চম দরজা দিয়ে প্রবেশ করেছিলাম	دَخَلْنَا مِنَ الْبَابِ الْخَامِسِ	পঞ্চম দরজা	الْبَابُ الْخَامِسُ
ষষ্ঠ পরীক্ষা আসছে	الإِمْتِحَانُ السَّادِسُ قَادِمٌ	ষষ্ঠ পরীক্ষা	الإِمْتِحَانُ السَّادِسُ
সপ্তম ঘরটি পরিচালকের	الْبَيْتُ السَّابِعُ لِلْمُدِيْرِ	সপ্তম ঘর	الْبَيْتُ السَّابِعُ
আব্বাস অষ্টম পৃষ্ঠা খুলেছিল	فَتَحَ عَبَّاسٌ الصَّفْحَةَ الثَّامِنَةَ	অষ্টম পৃষ্ঠা	الصَّفْحَةُ الثَّامِنَةُ
আমরা সেখানে নবম দিনে পৌঁছেছিলাম	وَصَلْنَا إِلَىٰ هُنَاكَ فِي الْيَوْمِ التَّاسِعِ	নবম দিন	الْيَوْمُ التَّاسِعُ
আমরা এখানে দশম বছরে ফিরে এসেছিলাম	رَجَعْنَا هُنَا فِي السَّنَةِ الْعَاشِرَةِ	দশম বছর	السَّنَةُ الْعَاشِرَةُ

অধ্যায়-৪

১০। فِعْلٌ مَاضِيٌ অতীত কালের ক্রিয়া

الْمَاضِي -এর সাধারন গঠন হলঃ فَعَلَ ،فَعِلَ ،فَعُلَ ইত্যাদি।

-৯৫% ক্রিয়া তিন অক্ষর বিশিষ্ট!

-ক্রিয়ার মূল রুপ হল অতীত কাল,পুরুষবাচক ও একবচন।

- فِعْلٌ (ক্রিয়ার) সাথে সর্বদা فَاعِلٌ (ক্রিয়াকারক) থাকবে।

-অতীত কালের ক্রিয়ার রূপ মাবনী

	فَعُلَ		فَعِلَ		فَعَلَ
সে করুনা করল	كَرُمَ	সে শুনল	سَمِعَ	সে সাহায্য করল	نَصَرَ
সে বড় হল	كَبُرَ	সে ভাবল	حَسِبَ	সে প্রহার করল	ضَرَبَ
সে ছোট হল	صَغُرَ	সে করল	عَمِلَ	সে লিখল	كَتَبَ
সে সহজ হল	سَهُلَ	সে শিখল	عَلِمَ	সে পাঠ করল	دَرَسَ
সে কঠিন হল	صَعُبَ	সে বুঝল	فَهِمَ	সে পাঠালো	بَعَثَ
		সে প্রসংসা করল	حَمِدَ	সে খুলল	فَتَحَ
		সে আনন্দিত হল	فَرِحَ	সে গেল	ذَهَبَ
		সে রাগন্বিত হল	غَضِبَ	সে বের হল	خَرَجَ
		সে নিরাপদ হল	سَلِمَ	সে ফিরে আসল	رَجَعَ
		সে ক্লান্ত হল	تَعِبَ	সে খেলো	أَكَلَ
				সে বসলো	جَلَسَ

فَاعِلٌ এর সাথে فِعْلُ الْمَاضِي এর পরিবর্তন

هُمْ ذَهَبُوْا	هُمَا ذَهَبَا	هُوَ ذَهَبَ
তারা সকলে (পুং) গিয়েছিল	তারা দুজন (পুং) গিয়েছিল	সে একজন (পুং) গিয়েছিল
هُنَّ ذَهَبْنَ	هُمَا ذَهَبَتَا	هِيَ ذَهَبَتْ
তারা সকলে (স্ত্রী) গিয়েছিল	তারা দুজন (স্ত্রী) গিয়েছিল	সে একজন (স্ত্রী) গিয়েছিল
أَنْتُمْ ذَهَبْتُمْ	أَنْتُمَا ذَهَبْتُمَا	أَنْتَ ذَهَبْتَ
তোমরা সকলে (পুং) গিয়েছিলে	তোমরা দুজন (পুং) গিয়েছিলে	তুমি একজন (পুং) গিয়েছিলে
أَنْتُنَّ ذَهَبْتُنَّ	أَنْتُمَا ذَهَبْتُمَا	أَنْتِ ذَهَبْتِ
তোমরা সকলে (স্ত্রী) গিয়েছিলে	তোমরা দুজন (স্ত্রী) গিয়েছিলে	তুমি একজন (স্ত্রী) গিয়েছিলে
نَحْنُ ذَهَبْنَا		أَنَا ذَهَبْتُ
আমরা গিয়েছিলাম		আমি গিয়েছিলাম

هُمْ سَمِعُوْا	هُمَا سَمِعَا	هُوَ سَمِعَ
তারা সকলে (পুং) শুনেছিলো	তারা দুজন (পুং) শুনেছিলো	সে একজন (পুং) শুনেছিলো
هُنَّ سَمِعْنَ	هُمَا سَمِعَتَا	هِيَ سَمِعَتْ
তারা সকলে (স্ত্রী) শুনেছিলো	তারা দুজন (স্ত্রী) শুনেছিলো	সে একজন (স্ত্রী) শুনেছিলো
أَنْتُمْ سَمِعْتُمْ	أَنْتُمَا سَمِعْتُمَا	أَنْتَ سَمِعْتَ
তোমরা সকলে (পুং) শুনেছিলা	তোমরা দুজন (পুং) শুনেছিলা	তুমি একজন (পুং) শুনেছিলা
أَنْتُنَّ سَمِعْتُنَّ	أَنْتُمَا سَمِعْتُمَا	أَنْتِ سَمِعْتِ
তোমরা সকলে (স্ত্রী) শুনেছিলা	তোমরা দুজন (স্ত্রী) শুনেছিলা	তুমি একজন (স্ত্রী) শুনেছিলা
نَحْنُ سَمِعْنَا		أَنَا سَمِعْتُ
আমরা শুনেছিলাম		আমি শুনেছিলাম

هُمْ كَرُمُوْا	هُمَا كَرُمَا	هُوَ كَرُمَ
তারা সকলে (পুং) করুণা করেছিল	তারা দুজন (পুং) করুণা করেছিল	সে একজন (পুং) করুণা করেছিল
هُنَّ كَرُمْنَ	هُمَا كَرُمَتَا	هِيَ كَرُمَتْ
তারা সকলে (স্ত্রী) করুণা করেছিল	তারা দুজন (স্ত্রী) করুণা করেছিল	সে একজন (স্ত্রী) করুণা করেছিল
اَنْتُمْ كَرُمْتُمْ	اَنْتُمَا كَرُمْتُمَا	أَنْتَ كَرُمْتَ
তোমরা সকলে (পুং) করুণা করেছিলা	তোমরা দুজন (পুং) করুণা করেছিলা	তুমি একজন (পুং) করুণা করেছিলা
اَنْتُنَّ كَرُمتُنَّ	اَنْتُمَا كَرُمْتُمَا	أَنْتِ كَرُمْتِ
তোমরা সকলে (স্ত্রী) করুণা করেছিলা	তোমরা দুজন (স্ত্রী) করুণা করেছিলা	তুমি একজন (স্ত্রী) করুণা করেছিলা
نَحْنُ كَرُمْنَا		أَنَا كَرُمْتُ
আমরা করুণা করেছিলাম		আমি করুণা করেছিলাম

هُمْ نَصَرُوْا	هُمَا نَصَرَا	هُوَ نَصَرَ
তারা সকলে (পুং) সাহায্য করেছিল	তারা দুজন (পুং) সাহায্য করেছিল	সে একজন (পুং) সাহায্য করেছিল
هُنَّ نَصَرْنَ	هُمَا نَصَرَتَا	هِيَ نَصَرَتْ
তারা সকলে (স্ত্রী) সাহায্য করেছিল	তারা দুজন (স্ত্রী) সাহায্য করেছিল	সে একজন (স্ত্রী) সাহায্য করেছিল
اَنْتُمْ نَصَرْتُمْ	اَنْتُمَا نَصَرْتُمَا	أَنْتَ نَصَرْتَ
তোমরা সকলে (পুং) সাহায্য করেছিলা	তোমরা দুজন (পুং) সাহায্য করেছিলা	তুমি একজন (পুং) সাহায্য করেছিলা
اَنْتُنَّ نَصَرْتُنَّ	اَنْتُمَا نَصَرْتُمَا	أَنْتِ نَصَرْتِ
তোমরা সকলে (স্ত্রী) সাহায্য করেছিলা	তোমরা দুজন (স্ত্রী) সাহায্য করেছিলা	তুমি একজন (স্ত্রী) সাহায্য করেছিলা
نَحْنُ نَصَرْنَا		أَنَا نَصَرْتُ
আমরা সাহায্য করেছিলাম		আমি সাহায্য করেছিলাম

১১। অতীত কালের ক্রিয়ায় না অর্থে مَا

অতীত কালের ক্রিয়ায় না অর্থে مَا ব্যবহৃত হয়। যেমনঃ

আমি কফি পান করিনি	مَا شَرِبْتُ الْقَهْوَةَ
আমি আজ অফিসে যাইনি	مَا ذَهَبْتُ إِلَى الْمَكْتَبِ الْيَوْمَ
তুমি কি পাঠটি লিখনি ?	أَمَا كَتَبْتَ الدَّرْسَ؟
আয়েশা আমার সাথে যায়নি	مَا ذَهَبَتْ عَائِشَةُ مَعِي

১২। প্রশ্নের উত্তরে نَعَمْ ،لا ،بَلَى ইত্যাদির ব্যবহার

হাঁ বোধক প্রশ্নের উত্তর হাঁ বোধক হলে نَعَمْ এবং না বোধক হলে لا

না বোধক প্রশ্নের উত্তর হ্যা বোধক হলে بَلَى এবং না বোধক হলে نَعَمْ

তুমি কি গতকাল স্কুলে গিয়েছিলে?	اَذَهَبْتَ اِلَى الْمَدْرَسَةِ اَمْسِى؟	প্রশ্ন
হ্যাঁ ,আমি গিয়েছিলাম।	نَعَمْ، ذَهَبْتُ	হ্যা উত্তর
না ,আমি যাইনি।	لا، مَا ذَهَبْتُ	না উত্তর
তুমি কি আজ লাইব্রেরীতে যাওনি ?	اَمَا ذَهَبْتَ اِلَى الْمَكْتَبَةِ الْيَوْمَ ؟	প্রশ্ন
অবশ্যই !গিয়েছিলাম ।	بَلَى، ذَهَبْتُ	হ্যা উত্তর
হ্যা ,আমি যাইনি ।	نَعَمْ، مَا ذَهَبْتُ	না উত্তর

১৩। لِأَنَّ এর ব্যবহার

لِأَنَّ এর অর্থ হল “কারন”

আমি আজ স্কুলে যাইনি কারণ আমি অসুস্থ	مَا ذَهَبْتُ اِلَى الْمَدْرَسَةِ الْيَوْمَ لِأَنَّنِي مَرِيْضٌ
আমরা আরবী ভাষা শিখেছিলাম কারন সেটা কুরআনের ভাষা	دَرَسْنَا اللُّغَةَ العَرَبِيَّةَ لِأَنَّهَا لُغَةُ القُرْأنِ
বাড়ি থেকে বের হইনি কারন আবহাওয়া ঠান্ডা	مَا خَرَجْتُ مِنَ البَيْتِ لِأَنَّ الجَوَّ بَارِدٌ

অধ্যায়-৫

১৪। فِعْلُ الْمَاضِي এর فَاعِلٌ

বহুবচন	দ্বিবচন	একবচন	
ذَهَبُوْا فَاعِلٌ=وْ=هُمْ	ذَهَبَا فَاعِلٌ=ا=هُمَا	ذَهَبَ فَاعِلٌ=مُسْتَتِرٌ=هُوَ	পুং
ذَهَبْنَ فَاعِلٌ=نَ=هُنَّ	ذَهَبَتَا فَاعِلٌ=ا=هُمَا	ذَهَبَتْ فَاعِلٌ=مُسْتَتِرٌ=هِيَ	স্ত্রী
ذَهَبْتُمْ فَاعِلٌ=تُ=اَنْتُمْ	ذَهَبْتُمَا فَاعِلٌ=تُ=اَنْتُمَا	ذَهَبْتَ فَاعِلٌ=تَ=اَنْتَ	পুং
ذَهَبْتُنَّ فَاعِلٌ=تُ=اَنْتُنَّ	ذَهَبْتُمَا فَاعِلٌ=تُ=اَنْتُمَا	ذَهَبْتِ فَاعِلٌ=تِ=اَنْتِ	স্ত্রী
ذَهَبْنَا فَاعِلٌ=نَا=نَحْنُ		ذَهَبْتُ فَاعِلٌ=تُ=اَنَا	উভয়

১৫। الْفِعْلُ الْمُتَعَدِّىْ সকর্মক ক্রিয়া ও الْفِعْلُ الْآزِمُ অকর্মক ক্রিয়া

ক্রিয়াকে কি/কে দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় সেটাই হল“ ক্রিয়ার কর্ম ”আরবীতে এটাকে বলা হয় مَفْعُوْلٌ بِهِ । مَفْعُوْلٌ بِهِ সর্বদা মানসুব। কর্ম থাকা না থাকার উপর ভিত্তি করে ক্রিয়াকে দুটি ভাগ করা হয়েছে,

মুহাম্মাদ কুরআন পড়ল	قَرَأَ مُحَمَّدٌ الْقُرْأَنَ	الْفِعْلُ الْمُتَعَدِّى সকর্মক ক্রিয়া فِعْلٌ + فَاعِلٌ + مَفْعُوْلٌ بِهِ
হামিদ দরজাটি খুলল	فَتَحَ حَامِدٌ الْبَابَ	
আল্লাহ সব কিছু সৃষ্টি করেছেন	خَلَقَ اللهُ كُلَّ شَيْءٍ	
আমরা খালিদকে সাহায্য করেছিলাম	نَصَرْنَا خَالِدًا	
হামিদ বাজারের দিকে গেল	ذَهَبَ حَامِدٌ إِلَي السُّوْقِ	الْفِعْلُ الْآزِمُ অকর্মক ক্রিয়া فِعْلٌ + فَاعِلٌ
বসল সাথে আমার মুহাম্মাদ	جَلَسَ مُحَمَّدٌ مَعِي	
বেলাল মসজিদ থেকে বের হল	خَرَجَ بِلَالٌ مِنَ الْمَسْجِدِ	

১৬। দুই কর্তার মিলন অসম্ভব

একটি ক্রিয়া প্রধান বাক্যে দুটি কর্তা থাকতে পারে না। যেমনঃ ذَهَبُوْا الطُّلاَّبُ বাক্যটি সঠিক নয় কারন ذَهَبُوْا এর و এবং الطُّلاَّبُ উভয়ই হল فَاعِلٌ । সেক্ষেত্রে সঠিক প্রয়োগ হবে, ذَهَبَ الطُّلاَّبُ । তবে اَلطُّلاَّبُ ذَهَبُوْا এর ব্যবহার সঠিক যেহেতু তা নামপ্রধান বাক্য এবং সেখানে ক্রিয়া বা কর্তার বিষয় নাই আছে কেবল মুবতাদা ও খবর।

√ ذَهَبَ الطُّلاَّبُ	ذَهَبُوْا الطُّلاَّبُ ×

১৭। اِلتِقَاءِالسَّاكِنَيْنِ দুই সাকিনের মিলন

পর পর দুটি সাকিন আসলে তাকে উচ্চারন করা যায় না। সেক্ষেত্রে একটা সাকিন কে বিলুপ্ত করে যথাযথ হারকতের সাহায্য নিয়ে উচ্চারন করতে হয়। সাধারনত এরুপ অবস্থা দুটি ক্ষেত্রে হয়।

১। তানভীন এর পর হামজাতুল ওয়াসলি আসলে, যেমন, سَأَلَ بِلاَلٌ ابْنَهُ এক্ষেত্রে তানভীন কে نِ তে রুপান্তর করে পড়তে হবে। অর্থাৎ سَأَلَ بِلاَلُنِ ابْنَهُ

২। পরপর দুটি সাকিন হলে, যেমন

রুপান্তরিত উচ্চারন	দুই সাকিনের মিলন
هُوَ مِنَ الْهِنْدِ	هُوَ مِنْ الْهِنْدِ
وَ عَلَيْكُمُ السَّلَامُ	وَ عَلَيْكُمْ السَّلَامُ
شَرِبَتِ الْبَقَرَةُ الْمَاءَ	شَرِبَتْ الْبَقَرَةُ الْمَاءَ

অধ্যায়-৬

১৮। أيُّ এর ব্যবহার

ايُّ হল مُضَافٌ সুতরাং এর পরবর্তী শব্দ হবে مُضَافٌ إِلَيْهِ ।

উদাহরণ	ক্ষেত্র
أيُّ طَالِبٍ خَرَجَ؟ কোন ছাত্রটি বের হয়েছিলো?	مَرْفوْعٌ
أيَّ كِتَابٍ قَرَأْتَ؟ কোন বইটি তুমি পড়েছিলে?	مَنْصُوْبٌ
بِاَيِّ قَلَمٍ كَتَبْتَ؟ কোন কলম দিয়ে তুমি লিখেছিলে?	مَجْرُوْر

১৯। أظُنُّ এর ব্যবহার

ظَنَّ অর্থ "সে মনে করেছিল" এর বর্তমান কালের রূপ يَظُنُّ "সে মনে করে"। أَظُنُّ অর্থ "আমি মনে করি" । এর পরে সাধারণত "যে" অর্থে اَنَّ ব্যাবহৃত হয়।

আমি মনে করি যে হামিদ মক্কা গিয়েছে	أَظُنُّ اَنَّ حامِدً ذَهَبَ اِلَى مَكَّةَ
আমি মনে করি যে আপনি ক্লান্ত	أَظُنُّ اَنَّكَ مُتْعَبٌ
আমি মনে করি যে ইমামটি নতুন	أَظُنُّ اَنَّ الإمَامَ جَدِيْدٌ
আমি মনে করি যে ফাতিমা অনুপস্থিত	أَظُنُّ اَنَّ فَاطِمَةَ غَائِبَةٌ

২০। 'যে' অর্থে قَالَ এর পরে إِنَّ অন্যথায় أَنَّ

শিক্ষক বলল যে অবশ্যই আগামিকাল পরিক্ষা	قَالَ الْمُدَرِّسُ اِنَّ الإِمْتِحَانَ غَدًا
আমি শুনলাম যে আগামিকাল পরিক্ষা	سَمِعْتُ اَنَّ الإِمْتِحَانَ غَدًا
হামিদ বলল যে সে অসুস্থ	قَالَ حامِدٌ اِنَّهُ مَرِيضٌ
আমরা বুঝলাম যে পাঠটি সহজ	فَهِمْنَا اَنَّ الدَّرْسَ سَهْلَةٌ

২১। শেষে اِنِ বিশিষ্ট ইসমের লিঙ্গ ও বচন

শেষে اِنِ বিশিষ্ট শব্দগুলোর স্ত্রীজাতীয় ও বহুবচন করার নিয়ম।

	একবচন	বহুবচন
পুং	جَوْعَانُ	جِيَاعٌ [فِعَالٌ]
স্ত্রী	جَوْعَى [فَعْلَى]	و বিলুপ্ত হয়ে ي এসেছে কারন কাসরার সাথে , বেমানান

২২। هَاتِ (দাও, নিয়ে আসো) এর ব্যবহার

	একবচন	বহুবচন
পুরুষ	هَاتِ قَلَمًا يَا وَلَدُ!	هَاتُوا بُرْهَانَكُمْ إِنْ كُنتُمْ صَادِقِينَ
	একটা কলম দাও হে বালক	তোমাদের প্রমাণ নিয়ে এসো ,যদি তোমরা সত্যবাদী হও।
স্ত্রী	هَاتِي كِتَابًا يَا عَائِشَةُ!	هَاتِيْنَ بُرْهَانَكُنَّ إِنْ كُنتُنَّ صَادِقَاتٍ
	হে আয়েশা একটা বই নিয়ে আসো	তোমাদের প্রমাণ নিয়ে এসো, যদি তোমরা (স্ত্রী) সত্যবাদী হও।

অধ্যায়-৭

২৩। كَانَ এর ব্যবহার

كَانَ হল সহায়ক ক্রিয়া (auxiliary verb) যার অর্থ “ছিল” ইংরেজিতে “was”। এটা নামবাচক বাক্যে ব্যবহৃত হয়ে ইসমকে মারফু এবং খবরকে মানসুব করে। তখন মুবতাদাকে বলা হয় إِسْمُ كَانَ ও খবরকে বলা হয় خَبَرٌ كَانَ

যেমনঃ كَانَ حَامِدٌ حَاضِرًا ‘হামিদ উপস্থিত ছিল। এখানে حَامِدٌ হল إِسْمُ كَانَ এবং حَاضِرًا হল خَبَرٌ كَانَ।

كَانَ এর রূপ কর্তার পরিবর্তনের সাথে বদলায়ঃ

هُمْ كَانُوْا	هُمَا كَانَا	هُوَ كَانَ
هُنَّ كُنَّ	هُمَا كَانَتَا	هِيَ كَانَتْ
أنْتُمْ كُنْتُمْ	أنْتُمَا كُنْتُمَا	أَنْتَ كُنْتَ
أنْتُنَّ كُنْتُنَّ	أنْتُمَا كُنْتُمَا	أَنْتِ كُنْتِ
نَحْنُ كُنَّا		أَنَا كُنْتُ

২৪। مْ এর পরে হামজাতুল ওয়াসলি

مْ এর পর হামজাতুল ওয়াসলি আসলে مُ হয় আর সর্বনাম আসলে একটা অতিরিক্ত و যোগ করতে হয়। যেমনঃ

তোমাদের নতুন বাড়িটি বড়	بَيْتُكُمُ الْجَدِيْدُ كَبِيْرٌ
তোমরা কি বইটি দেখেছিলে ?	أرَأيْتُمُ الْكِتَابَ؟
তোমরা কি তাকে দেখেছিলে ?	أرَأيْتُمُوْهُ؟

তবে উপযুক্ত বিশেষ্য আসলে দরকার হয় না। যেমনঃ

তোমরা কি মুহাম্মাদকে দেখেছিলে?	أرَأيْتُمْ مُحَمَّدًا؟

অধ্যায়-৮

২৫। اَلْ বিশিষ্ট দ্বিত্ব

দ্বিত্ব গুলো اَلْ বিশিষ্ট হলে ত্রিত্ব হয়ে যায়। যেমনঃ

লাল জামা পড়া ঐ বালকটি কে ?	مَنْ ذَلِكَ الْوَلَدُ ذُوْ الْقَمِيْصِ الْاَحْمَرِ
হামিদ ক্ষুধার্থ বালকটিকে খাইয়েছিল	حَامِدٌ أَطْعَمَ الْوَلَدَ الْجَوْعَانَ
সে সবচেয়ে বড় বাড়িটিতে আছে	هُوَ فِي الْبَيْتِ الْأَكْبَرِ

২৬। ভগ্নাংশ

এক সপ্তমাংশ	سُبْعٌ	١/٧	অর্ধেক	نِصْفٌ	١/٢
এক অষ্টমাংশ	ثُمْنٌ	١/٨	এক তৃতীয়াংশ	ثُلُثٌ	١/٣
এক নবমাংশ	تُسْعٌ	١/٩	এক চতুর্থাংশ	رُبْعٌ	١/٤
এক দশমাংশ	عُشْرٌ	١/١٠	এক পঞ্চমাংশ	خُمْسٌ	١/٥
			এক ষষ্ঠাংশ	سُدُسٌ	١/٦

অধ্যায়-৯

২৮। نُوْنُ الْوِقَايَةِ

নিম্নোক্ত অবস্থাগুলোতে ক্রিয়ার গঠন ঠিক রাখার জন্য অতিরিক্ত ن যোগ হয়।

তুমি আমাকে ক্লাস রুমে দেখেছিলে	رَاَيْتَنِيْ فِي الْفَصْلِ
আল্লাহ আমাকে সৃষ্টি করেছেন	خَلَقَنِيَ اللهُ
শিক্ষক আমাকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন	سَاَلَنِي الْمُدَرِّسُ سُؤَالًا

২৯। আশ্চর্যবোধক বাক্য

আশ্চর্যবোধক বাক্য গঠনের ক্ষেত্রে তিনটি বিষয় লক্ষ্যনীয়,

- সাধারণ গঠনঃ مَا اَفْعَلَ
- اَفْعَلَ হল পুংজাতীয় এমনকি স্ত্রী اسم এর জন্যও।
- যার সম্পর্কে বলা হচ্ছে সেটা মানসুব হবে।

এই গাড়িটি কত সুন্দর!	مَا اَجْمَلَ هٰذَا السَّيَّارَةَ !
তুমি কত ভালো!	مَا اطْيَبَكَ!
কত অসঙ্খ্য তারা!	مَا أَكْثَرَ النَّجُومَ!
এই পাঠটি কত সহজ!	مَا أَسْهَلَ هَذَا الدَّرْسَ!

৩০। حَرْفُ النِّدَاءِ পর مُضَافٌ

হারফে নিদা ‘ يا ‘ এর পরে مُضَافٌ থাকলে তা মানসুব হয়।

হে বেলালের কন্যা!	يَا بِنْتَ بِلَالٍ !
হে বিশ্বজগতের রব!	يَا رَبَّ الْعٰلَمِيْنَ !
হে হামিদের বোন!	يَا أُخْتَ حَامِدٍ!

৩১। প্রশ্নবোধক مَا এর পুর্বে حَرْفُ جَرٍّ

প্রশ্নবোধক مَا এর পূর্বে حَرْفٌ جَرٍ থাকলে مَا এর আলিফ উঠে যায়।

عَنْ + مَا = عَمَّ	مِنْ + مَا = مِمَّ	لِ + مَا = لِمَ	بِ + مَا = بِمَ
যে ব্যাপারে	যা হতে	যার জন্য, কেন	যা দ্বারা, যা

প্রশ্নবোধক	বিবৃতি মূলক বাক্য
بِمَ ضَرَبْتَهُ؟	وَاللَّهُ بَصِيرٌ بِمَا يَعْمَلُونَ
لِمَ تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ؟	فَهَدَى اللَّهُ الَّذِينَ آمَنُوا لِمَا اخْتَلَفُوا فِيهِ
مِمَّ تُنْفِقُوْنَ؟	لَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ
عَمَّ يَتَسَاءَلُونَ؟	وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ

৩২। প্রশ্নবোধক أ এর পুর্বে اَلْ

প্রশ্নবোধক أَ এর পরে اَلْ থাকলে آ হয়।

শিক্ষকটি কি তোমাকে বলেছিল ?	آلْمُدَرِّسُ قَالَ لَكَ ؟
আজকি তাকে দেখেছিলে ?	آلْيَوْمَ رَأَيْتَهُ ؟
ছাত্রটি কি ভারত থেকে ?	آلطَّالِبُ مِنَ الْهِنْدِ؟

৩৩। ى পর সর্বনাম থাকলে তা ا হয়ে যায়

আলিফ মাকসুরা ى এর পরে মানসুব বা মাজরুর অবস্থায় ضَمِيْرٌ আসলে তা ‘ا‘ হয়ে যায়।

আমি তার অর্থ জানি না	لَا أَدْرِي مَعْنَاهُ	مَعْنَى + هُ = مَعْنَاهُ
সে সেটা ইস্ত্রী করল	كَوَاهُ	كَوَى + هُ = كَوَاهُ
বুখারি তা বর্ননা করল	رَوَاهُ الْبُخَارِي	رَوَى + هُ = رَوَاهُ

৩৪। জোর দেওয়ার জন্য আগে مَفْعُوْلٌ بِهِ বা খবর

সাধারণ	জোর দেয়া
رَاَيْتُ بِلاَلً	بِلاَلً رَاَيْتُ
أذَهَبْتُمْ إِلَى الْمُدِيْرِ؟	أ إِلَى الْمُدِيْرِ ذَهَبْتُمْ؟

অধ্যায়-১০

৩৫। مُضَارِعٌ বর্তমান ও ভবিষ্যৎ কালের ক্রিয়া

আমরা জানি যে ক্রিয়ার মূল হল مَاضِيْ যা فَعَلَ গঠনের। فَعَلَ এর অক্ষর তিনটিকে যথাক্রমে ف কালিমা, ع কালিমা এবং ل কালিমা বলা হয়। তিন অক্ষর বিশিষ্ট ক্রিয়া গুলোর مَاضِيْ থেকে مُضَارِعٌ করতে হলে,

- مُضَارِعٌ এর নির্দেশক ن ،أ ،ت ، ي ইত্যাদির উপর ফাতাহ
- ف কালিমায় সুকুন
- ع কালিমায় ফাতাহ, কাসরা কিংবা দম্মাহ
- ل কালিমায় দম্মাহ বসাতে হয়।

অর্থাৎ, তিন অক্ষর বিশিষ্ট مُضَارِعٌ এর সাধারণ রুপ يَفْعُلُ ، يَفْعِلُ ، يَفْعَلُ

বর্তমান ও ভবিষ্যৎ কালের ক্রিয়া মারফু, মানসুব এবং মাজ্জুম হয় কিন্তু কখনও মাজরুর হয় না।

ع কালিমার হরকত পরিবর্তনের বাবঃ

ع কালিমার পরিবর্তন	مُضَارِعٌ	مَاضِيْ	**বাবের নাম**
দম্মা << ফাতাহ	يَنْصُرُ	نَصَرَ	বাব-نَصَرَ
কাছরা << ফাতাহ	يَضْرِبُ	ضَرَبَ	বাব-ضَرَبَ
ফাতাহতানী	يَفْتَحُ	فَتَحَ	বাব-فَتَحَ
দম্মা << দম্মা	يَكْرُمُ	كَرُمَ	বাব-كَرُمَ
ফাতাহ << কাছরা	يَسْمَعُ	سَمِعَ	বাব-سَمِعَ
কাছরাতানী	يَحْسِبُ	حَسِبَ	বাব-حَسِبَ

ع কালিমার হরকত পরিবর্তনের কয়েকটি উদাহরণঃ

نَصَرَ – يَنْصُرُ (ফাতাহ-দম্মা)			
অতীত কালের অর্থ	**مَاضِيْ – مُضَارِعٌ**	**অতীত কালের অর্থ**	**مَاضِيْ – مُضَارِعٌ**
সে খুজে পেল	طَلَبَ – يَطْلُبُ	সে পরিবর্তন করল	نَقَلَ – يَنْقُلُ
সে প্রবেশ করল	دَخَلَ – يَدْخُلُ	সে দাসত্ব করল	عَبَدَ – يَعْبُدُ
সে হত্যা করল	قَتَلَ – يَقْتُلُ	সে সৃষ্টি করল	خَلَقَ – يَخْلُقُ
সে বিশৃঙ্খলা করল	فَسَدَ – يَفْسُدُ	সে মানল	قَنَتَ – يَقْنُتُ
সে বের হল	خَرَجَ – يَخْرُجُ	সে অস্বীকার করল	كَفَرَ – يَكْفُرُ
সে বিচার করল	حَكَمَ – يَحْكُمُ	সে অধ্যায়ন করল	دَرَسَ – يَدْرُسُ
সে বসল	قَعَدَ – يَقْعُدُ	সে অবস্থান করল	مَكَثَ – يَمْكُثُ
সে ছেড়ে দিল	تَرَكَ – يَتْرُكُ	সে পৌছে দিল	بَلَغَ – يَبْلُغُ
সে শর্ত ভাঙ্গল	نَقَضَ – يَنْقُضُ	সে ধরল	أَخَذَ–يَأْخُذُ
সে লক্ষ্য করল	نَظَرَ – يَنْظُرُ	সে আদেশ করলো	أَمَرَ – يَأْمُرُ
সে কৃতজ্ঞ হল	شَكَرَ – يَشْكُرُ	সে লুকালো	سَتَرَ – يَسْتُرُ
সে নীরব হল	سَكَتَ – يَسْكُتُ	সে চাষাবাদ করল	حَرَثَ – يَحْرُثُ

ضَرَبَ – يَضْرِبُ (ফাতাহ-কাছরা)			
অতীত কালের অর্থ	**مَاضِيْ– مُضَارِعٌ**	**অতীত কালের অর্থ**	**مَاضِيْ– مُضَارِعٌ**
সে মিথ্যা বলল	كَذَبَ – يَكْذِبُ	সে ধৌত করল	غَسَلَ – يَغْسِلُ
সে উপার্জন করল	كَسَبَ – يَكْسِبُ	সে জয় করল	غَلَبَ – يَغْلِبُ
সে ভাঙ্গল	كَسَرَ – يَكْسِرُ	সে অত্যাচার করল	ظَلَمَ – يَظْلِمُ
সে সহিষ্ণু হল	صَبَرَ – يَصْبِرُ	সে আলাদা করল	فَصَلَ – يَفْصِلُ
সে ফিরে আসল	رَجَعَ – يَرْجِعُ	সে বসল	جَلَسَ – يَجْلِسُ
সে খুলল	كَشَفَ – يَكْشِفُ	সে শেষ করল	خَتَمَ – يَخْتِمُ
সে চুরি করল	سَرَقَ – يَسْرِقُ	সে জানল	عَرَفَ – يَعْرِفُ
সে বহন করল	حَمَلَ – يَحْمِلُ	সে উপস্থিত করল	عَرَضَ – يَعْرِضُ
সে ধ্বংস করল	هَلَكَ – يَهْلِكُ	সে ক্ষমা করল	غَفَرَ – يَغْفِرُ
সে অবতীর্ন করল	نَزَلَ – يَنْزِلُ	সে পরিকল্পনা করল	غَرَسَ – يَغْرِسُ
		সে চুক্তি ভংগ করল	غَدَرَ – يَغْدِرُ

فَتَحَ – يَفْتَحُ (ফাতাতানী)			
অতীত কালের অর্থ	مَاضِيْ– مُضَارِعٌ	অতীত কালের অর্থ	مَاضِيْ– مُضَارِعٌ
সে দান করল	مَنَحَ – يَمْنَحُ	সে গেল	ذَهَبَ – يَذْهَبُ
সে খুলল	فَتَحَ–يَفْتَحُ	সে জিজ্ঞাসা করল	سَألَ – يَسْألُ
সে পাঠালো	بَعَثَ–يَبْعَثُ	সে পাঠ করল	قَرَأَ – يَقْرَأُ
সে প্রশংসা করল	مَدَحَ – يَمْدَحُ	সে বাধা দিল	مَنَعَ – يَمْنَعُ
সে উঠালো	رَفَعَ – يَرْفَعُ	সে আঘাত করল	جَرَحَ – يَجْرَحُ
সে জমা করল	جَمَعَ– يَجْمَعُ	সে পাস করল	نَجَحَ – يَنْجَحُ
সে বানালো	جَعَلَ – يَجْعَلُ	সে অভিশাপ দিল	لَعَنَ – يَلْعَنُ
সে যাদু করল	سَحَرَ– يَسْحَرُ	সে চাষাবাদ করল	زَرَعَ – يَزْرَعُ
সে সংশোধন করল	صَلَحَ– يَصْلَحُ	সে কাটল	قَطَعَ – يَقْطَعُ
সে লাভ করল	نَفَعَ– يَنْفَعُ	সে উদ্ভাবন করল	بَدَأَ – يَبْدَأُ
		সে প্রদর্শণ করল	ظَهَرَ – يَظْهَرُ

كَرُمَ – يَكْرُمُ (দম্মা-দম্মা)			
অতীত কালের অর্থ	مَاضِيْ– مُضَارِعٌ	**অতীত কালের অর্থ**	مَاضِيْ– مُضَارِعٌ
সে ভারী হল	ثَقُلَ – يَثْقُلُ	সে নিকটবর্তী হল	قَرُبَ – يَقْرُبُ
সে দূরদর্শি হল	بَصُرَ – يَبْصُرُ	সে দূরে গেল	بَعُدَ – يَبْعُدُ
সে কঠোর হল	صَعُبَ – يَصْعُبُ	সে বৃদ্ধি করল	كَثُرَ – يَكْثُرُ
সে বড় হল	عَظُمَ – يَعْظُمُ	সে সুন্দর হল	حَسُنَ – يَحْسُنُ
সে খাঁটি হল	طَهُرَ – يَطْهُرُ	সে খাটো হল	قَصُرَ – يَقْصُرُ
সে নিখুত হল	لَطُفَ – يَلْطُفُ	সে বড় হল	كَبُرَ – يَكْبُرُ

سَمِعَ – يَسْمَعُ (কাছরা-ফাতাহ) ৯৯.৯৯%			
অতীত কালের অর্থ	مَاضِيْ– مُضَارِعٌ	অতীত কালের অর্থ	مَاضِيْ– مُضَارِعٌ
সে খুশি হল	فَرِحَ – يَفْرَحُ	সে শুনল	سَمِعَ – يَسْمَعُ
সে চিন্তিত হল	حَزِنَ – يَحْزَنُ	সে জানল	عَلِمَ – يَعْلَمُ
সে পিপাহল	عَطِشَ – يَعْطَشُ	সে মুখস্ত করল	حَفِظَ – يَحْفَظُ
সে পরিষ্কার করে বলল	جَهِرَ – يَجْهَرُ	সে মুর্খ হল	جَهِلَ – يَجْهَلُ
সে নিরাপদ হল	سَلِمَ – يَسْلَمُ	সে প্রশংসা করল	حَمِدَ – يَحْمَدُ
সে চড়ল	رَكِبَ – يَرْكَبُ	সে বুঝল	فَهِمَ – يَفْهَمُ
সে পান করল	شَرِبَ – يَشْرَبُ	সে রাগান্বিত হল	غَضِبَ – يَغْضَبُ
সে হাসল	ضَحِكَ – يَضْحَكُ	সে সাক্ষ্য দিল	شَهِدَ – يَشْهَدُ
সে ঘৃণা করল	كَرِهَ – يَكْرَهُ	সে নিরাপদ হলো	أَمِنَ – يَأْمَنُ
حَسِبَ – يَحْسِبُ (কাছারতানী)			
সে হিসাব করল	حَسِبَ – يَحْسِبُ	সে স্বচ্ছন্দ হল	نَعِمَ – يَنْعِمُ
সে পরিধাণ করল	لَبِسَ – يَلْبِسُ	সে ওয়ারিশ হল	وَرِثَ – يَرِثُ

فِعْلٌ مُضَارِعٌ এর তিনটি গ্রুপ আছে, প্রতিটি ক্রিয়ার সাথে চারটি বিষয় গুরুত্বপুর্ন

গ্রুপ-১ কর্তা পকেটে		
জ্ঞাতব্য বিষয়	**অর্থ**	**مُضَارِعٌ**
مُضَارِعٌ এর চিহ্নঃ نَ، أ، تَ، يَ ক্রিয়ার মূলঃ ذهب কর্তাঃ مبسْتَتِرٌ মারফুর আলামতঃ ُ	সে যায়	يَذْهَبُ
	সে যায় (স্ত্রী)	تَذْهَبُ
	তুমি যাও	تَذْهَبُ
	আমি যাই	أذْهَبُ
	আমরা যাই	نَذْهَبُ

গ্রুপ-২ ن আসে ن যায়			
জ্ঞাতব্য বিষয়	**অর্থ**	**ن যায়**	**ن আসে**
مُضَارِعٌ এর চিহ্নঃ نَ، أ، تَ، يَ ক্রিয়ার মূলঃ ذهب কর্তাঃ ا وْ ي মারফু আলামতঃ ن আসে মানসুব ও মাজ্জুমের আলামতঃ ن যায়	তারা দুইজন যায়	يَذْهَبَا	يَذْهَبَانِ
	তারা সকলে যায়	يَذْهَبُوْا	يَذْهَبُوْنَ
	তারা দুইজন (স্ত্রী) যায় তোমরা দুইজন যাও তোমরা দুইজন (স্ত্রী) যাও	تَذْهَبَا	تَذْهَبَانِ
	তোমরা সকলে যাও	تَذْهَبُوْا	تَذْهَبُوْنَ
	তুমি (স্ত্রী) যাও	تَذْهَبِيْ	تَذْهَبِيْنَ

গ্রুপ-৩ هُنَّ ও تُنَّ মাবনি		
জ্ঞাতব্য বিষয়	**অর্থ**	مُضَارِعٌ
مُضَارِعٌ এর চিহ্নঃ ت، ي	তারা (স্ত্রী)যায়	يَذْهَبْنَ
ক্রিয়ার মূলঃ ذهب	তোমরা (স্ত্রী) যাও	تَذْهَبْنَ
কর্তাঃ ن		
বিভক্তিঃ মাবনী		

فَاعِلٌ এর সাথে فِعْلٌ مُضَارِعٌ এর পরিবর্তন

বহুবচন	দ্বিবচন	একবচন	
يَذْهَبُوْنَ	يَذْهَبَانِ	يَذْهَبُ	পুং
তারা সকলে যায়/যাবে	তারা দুজন যায়/যাবে	সে যায়/যাবে	
يَذْهَبْنَ	تَذْهَبَانِ	تَذْهَبُ	স্ত্রী
তারা সকলে যায়/যাবে	তারা দুজন যায়/যাবে	সে যায়/যাবে	
تَذْهَبُوْنَ	تَذْهَبَانِ	تَذْهَبُ	পুং
তোমরা সকলে যাও/যাবে	তোমরা দুজন যাও/যাবে	তুমি যাও/যাবে	
تَذْهَبْنَ	تَذْهَبَانِ	تَذْهَبِيْنَ	স্ত্রী
তোমরা সকলে যাও/যাবে	তোমরা দুজন যাও/যাবে	তুমি যাও/যাবে	
نَذْهَبُ		اَذْهَبُ	উভয়
আমরা যাই/যাবো		আমি যাই/যাবো	

বহুবচন	দ্বিবচন	একবচন	
يَكْتُبُوْنَ	يَكْتُبَانِ	يَكْتُبُ	পুং
তারা সকলে লেখে/লিখবে	তারা দুজন লেখে/লিখবে	সে লেখে/লিখবে	
يَكْتُبْنَ	تَكْتُبَانِ	تَكْتُبُ	স্ত্রী
তারা সকলে লেখে/লিখবে	তারা দুজন লেখে/লিখবে	সে লেখে/লিখবে	
تَكْتُبُوْنَ	تَكْتُبَانِ	تَكْتُبُ	পুং
তোমরা সকলে লিখ/লিখবে	তোমরা দুজন লিখ/লিখবে	তুমি লিখ/লিখবে	
تَكْتُبْنَ	تَكْتُبَانِ	تَكْتُبِيْنَ	স্ত্রী
তোমরা সকলে লিখ/লিখবে	তোমরা দুজন লিখ/লিখবে	তুমি লিখ/লিখবে	
نَكْتُبُ		أَكْتُبُ	উভয়
আমরা লিখি/লিখব		আমি লিখি/লিখব	

মাজ্জুম	মানসুব	মারফু	অর্থ
يَذْهَبْ	يَذْهَبَ	يَذْهَبُ	সে যায়/যাবে
يَذْهَبَا	يَذْهَبَا	يَذْهَبَانِ	তারা দুজন যায়/যাবে
يَذْهَبُوْا	يَذْهَبُوْا	يَذْهَبُوْنَ	তারা সকলে যায়/যাবে
تَذْهَبْ	تَذْهَبَ	تَذْهَبُ	সে) স্ত্রী (যায়/যাবে
تَذْهَبَا	تَذْهَبَا	تَذْهَبَانِ	তারা দুজন) স্ত্রী (যায়/যাবে
يَذْهَبْنَ	يَذْهَبْنَ	يَذْهَبْنَ	তারা সকলে) স্ত্রী (যায়/যাবে
تَذْهَبْ	تَذْهَبَ	تَذْهَبُ	তুমি যাও/যাবে
تَذْهَبَا	تَذْهَبَا	تَذْهَبَانِ	তোমরা দুজন যাও/যাবে
تَذْهَبُوْا	تَذْهَبُوْا	تَذْهَبُوْنَ	তোমরা সকলে যাও/যাবে
تَذْهَبِيْ	تَذْهَبِيْ	تَذْهَبِيْنَ	তুমি)স্ত্রী (যাও/যাবে
تَذْهَبَا	تَذْهَبَا	تَذْهَبَانِ	তোমরা দুজন)স্ত্রী (যাও/যাবে
تَذْهَبْنَ	تَذْهَبْنَ	تَذْهَبْنَ	তোমরা সকলে) স্ত্রী (যাও/যাবে
اَذْهَبْ	اَذْهَبَ	اَذْهَبُ	আমি যাই/যাবো
نَذْهَبْ	نَذْهَبَ	نَذْهَبُ	আমরা যাই/যাবো

৩৬। নম্বর ২১-৩০

<table>
<tr><td colspan="2">গননাঃ ২১–২২
সংখ্যা গুলোর দুটি অংশ (তানভীন যুক্ত ১-৯) এবং وَ عِشْرُوْنَ । দুটি অংশই مَعْدُوْدٌ এর লিংগের সাথে মিলে যায়। مَعْدُوْدٌ সর্বদা একবচন মানসুব (১১-৯৯ সকল ক্ষেত্রে)।</td></tr>
<tr><td>إِحْدَى وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>وَاحِدٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>اِثْنَتَانِ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>اِثْنَانِ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td colspan="2">গননাঃ ২৩–২৯
পুরুষবাচক শব্দ গননা করতে হয় (তানভীন যুক্ত ১-৯) এর স্ত্রীবাচক [ثَلَاثَةٌ ، أَرْبَعَةٌ ، خَمْسَةٌ [ইত্যাদি দিয়ে এবং স্ত্রীবাচক শব্দ গননা করতে হয় (তানভীন যুক্ত ১-৯) এর পুংবাচক [ثَلَاثٌ ، أَرْبَعٌ ، خَمْسٌ ইত্যাদি[দিয়ে। বিভক্তি পরিবর্তন হয় না।</td></tr>
<tr><td>ثَلَاثٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>ثَلَاثَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>أَرْبَعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>أَرْبَعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>خَمْسٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>خَمْسَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>سِتٌّ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>سِتَّةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>سَبْعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>سَبْعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>ثَمَانٍ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>ثَمَانِيَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>تِسْعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>تِسْعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
</table>

৩৭। إِلَّا এর ব্যবহার

اِلاَّ মানে "ব্যতীত" এবং ইহার পরবর্তী ইসমটি "মানসুব"।

একটা বাজতে দশ মিনিট বাকী	اَلسَّاعَةُ الْوَحِدَةُ اِلاَّ عَشْرَ دَقَائِقَ
অতঃপর ইবলিস ছাড়া তারা সবাই সিজদা করল	فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ
আল্লাহ ছাড়া কারও ইবাদত কর না	لَا تَعْبُدُونَ إِلَّا اللَّهَ
অতঃপর কয়েকজন ব্যাতীত তোমরা ফিরে গেলে	ثُمَّ تَوَلَّيْتُمْ إِلَّا قَلِيلًا
এবং তারা বলল ,অল্প কিছু দিন ছাড়া কক্ষনও আগুন আমাদের স্পর্স করবে না	وَقَالُوا لَن تَمَسَّنَا النَّارُ إِلَّا أَيَّامًا مَّعْدُودَةً

৩৮। لَعَلَّ এর ব্যবহার

لَعَلَّ শব্দের অর্থ "হয়ত"। এর দুটি ব্যবহার আছে। ১(আমি আশা করি ২(আমি শঙ্কিত

لَعَلَّ بِلاَلً مَرِيْضٌ	لَعَلَّ بِلاَلً بِخَيْرٍ
আমি শঙ্কিত বেলাল অসুস্থ	আমি আশা করি বেলাল ভাল আছে।
لَعَلَّ الْجَوَّى بَارِدٌ	وَإِذْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَالْفُرْقَانَ لَعَلَّكُمْ تَهْتَدُونَ
হয়ত আবহাওয়া ঠান্ডা	আর (স্মরণ কর) যখন আমি মূসাকে কিতাব এবং ফুরকান দান করেছি, যাতে তোমরা সরল পথ প্রাপ্ত হতে পার।
لَعَلَّ الْحَيَّةُ سَامٌ	كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ
হয়ত সাপটি বিষাক্ত	এভাবেই আল্লাহ তা'আলা তোমাদের জন্য স্বীয় নির্দেশ বর্ণনা করেন যাতে তোমরা তা বুঝতে পার।

অধ্যায়-১১

৩৯। না বোধক বর্তমান

مُضَارِعٌ এর পূর্বে لَا বসালে “না করার অভ্যাস” বোঝায় কিন্তু مَا বসালে বর্তমান অবস্থায় “না করা” বোঝায়,

مُضَارِعٌ এর পূর্বে مَا	مُضَارِعٌ এর পূর্বে لَا
مَا يَذْهَبُ اِلَى السُّوْقِ الْآنَ	لَا يَذْهَبُ اِلَى السُّوْقِ بَعْدَ الضُّهْرِ
সে এখন মার্কেটে যাচ্ছে না/যাবে না	সে জোহরের পর মার্কেটে যায় না।
مَا أَشْرَبُ الْقَهْوَةَ	لَا أَشْرَبُ الْقَهْوَةَ
আমি কফি পান করছি না/করব না	আমি কফি পান করি না

৪০। بَيْنَ এর ব্যবহার

بَيْنَ এর অর্থ ‘মধ্যে’। ইহা একটি مُضَافٌ সুতরাং পরবর্তী ইসমটি মাজরুর

হামিদ বেলাল এবং ফায়সালের মাঝে বসল।	جَلَسَ حَامِدٌ بَيْنَ بِلاَلٍ وَ فَيْصَلٍ
আমরা তাদের মধ্যে পার্থক্য করি না।	لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّنْهُمْ
আর তাঁদের সাথে অবতীর্ণ করলেন সত্য কিতাব,	وَأَنزَلَ مَعَهُمُ الْكِتَابَ بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ
দৃষ্টির সামনে কিংবা পিছনে যা কিছু রয়েছে সে সবই তিনি জানেন।	يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ

بَيْنَ সর্বনামের সাথে পুনরাবৃত্তি হয়।

এটা তোমার আর আমার মধ্যে	هٰذَا بَيْنِيْ وَ بَيْنَكَ
বলুনঃ ‘হে আহলে-কিতাবগণ! একটি বিষয়ের দিকে আস-যা আমাদের মধ্যে ও তোমাদের মধ্যে সমান	قُلْ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَىٰ كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ
যখন আপনি কোরআন পাঠ করেন, তখন আমি আপনার মধ্যে ও পরকালে অবিশ্বাসীদের মধ্যে প্রচ্ছন্ন পর্দা ফেলে দেই।	وَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ جَعَلْنَا بَيْنَكَ وَبَيْنَ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ حِجَابًا مَّسْتُورًا
সুতরাং আমাদের ও তোমার মধ্যে একটি ওয়াদার দিন ঠিক কর	فَاجْعَلْ بَيْنَنَا وَبَيْنَكَ مَوْعِدًا

